



বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি

মহানগর কমিটি

৩১/এফ, তোপখানা রোড, ঢাকা-১০০০। ফোন : ৯৫৬৭৯৭৫, ফ্যাক্স : ৯৫৫৮৫৪৫
www.wpb71.org ই-মেইল : wparty@mail@gmail.com

২৭ মার্চ ২০২১


প্রেস বিজ্ঞপ্তি

জামাত-শিবির-হেফাজতের জঙ্গীদের
অবিলম্বে গ্রেফতার, বিচার ও নিষিদ্ধ কর
....মহানগর ওয়ার্কার্স পার্টি

গত কয়েকদিন ধরে জামাত-শিবির ও হেফাজতের জঙ্গীরা দেশব্যাপী সন্ত্রাস চালিয়ে হত্যা, ভাংচুর, অগ্নিসংযোগ করে রাষ্ট্রীয় সম্পদের ক্ষতিসাধন করেছে। তারা এমন সময় এই সন্ত্রাস সৃষ্টি করেছে যখন বাংলাদেশের স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও স্বাধীনতার মহান স্থপতি বঙ্গবন্ধুর জন্ম শতবার্ষিকীর অনুষ্ঠান চলছিল। এই জঙ্গীদের মূল উদ্দেশ্য ছিল দেশে অরাজগতা সৃষ্টি করে স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী অনুষ্ঠান ভঙ্গুল করা। জঙ্গীদের ঔদ্ধত্য এতটাই ছিল যে, তারা থানা ও পুলিশ ফাঁড়িতে হামলা চালিয়েছে। তারা বাংলাদেশের স্বাধীনতা ও স্বাৰ্বভৌমত্বে বিশ্বাস করে না, জাতীয় সঙ্গীতকে সম্মান জানায় না। ওরা এতদিন সরকারি একটি অংশের ছত্রছায়ার বেড়ে উঠেছে। এদের এখনই নির্মূল করতে না পারলে বাংলাদেশের সংবিধান ও রাষ্ট্র ব্যবস্থায় সংকট সৃষ্টি হবে। এই সাম্প্রদায়িক মৌলবাদি গোষ্ঠী সংবিধানের মৌলিক চারনীতি গণতন্ত্র, সমাজতন্ত্র, ধর্মনিরপেক্ষতা ও বাঙালি জাতীয়তাবাদে বিশ্বাস করে না। ওরা দেশদ্রোহী। এই জঙ্গীদের অবিলম্বে গ্রেফতার, বিচার ও নিষিদ্ধ করতে হবে। তা না হলে দেশে এক ভয়াবহ সংকট সৃষ্টি হবে।

আজ ২৯ মার্চ বিকেল ৪টায় বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি ঢাকা মহানগর আয়োজিত এক বিক্ষোভ সমাবেশে পার্টির নেতৃবৃন্দ এ কথা বলেন। পার্টি কার্যালয়ের সামনে থেকে একটি বিক্ষোভ মিছিল শুরু হয় এবং জাতীয় প্রেসক্লাবের সামনে এক সংক্ষিপ্ত সমাবেশ অনুষ্ঠিত হয়। পার্টির মহানগর সভাপতি বীর মুক্তিযোদ্ধা কমরেড আবুল হোসাইনের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন, কেন্দ্রীয় কমিটির সদস্য কমরেড জাকির হোসেন রাজু, কমরেড মোস্তফা আলমগীর রতন, মহানগর সাধারণ সম্পাদক কমরেড কিশোর রায়, কমরেড শাহানা ফেরদৌসি লাকী, কমরেড মোঃ তৌহিদ প্রমুখ।

বার্তা প্রেরক-



(কাজী আনোয়ারুল ইসলাম টিপু)

মোবাইলঃ ০১৭১২০১০৪২৩